

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি.

তারিখ: ১০ আগস্ট ২০২৪

অভিনন্দন

আমাদের গর্ব, আন্তর্জাতিকভাবে পরিচিত নোবেলবিজয়ী প্রখ্যাত অর্থনীতিবিদ, ক্ষুদ্রঋণ ধারণার প্রবর্তক, ব্যাংকার এবং সুশীল সমাজের শীর্ষস্থানীয় নেতৃত্ব ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব নেয়ায় ঢাকা স্টক এক্সচেঞ্জের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভ কামনা রইল। একইসাথে তাঁর নেতৃত্বাধীন নবীন ও প্রবীণের অংশগ্রহণে দেশের নতুন অন্তর্বর্তীকালীন সরকারের সকল উপদেষ্টাগণকে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি. বিশ্বাস করে, ড. মুহাম্মদ ইউনূস-এর নেতৃত্বাধীন নবগঠিত উপদেষ্টাগণের অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে একটি সুন্দর ভবিষ্যতের দিকে বাংলাদেশ এগিয়ে যাবো।

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি. আরো মনে করে, অর্থনৈতিক উন্নয়নের চালিকাশক্তি দেশের পুঁজিবাজার বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের নেতৃত্বে পুঁজিবাজার বিষয়ক নীতি সহায়তায় দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য একটি আকর্ষণীয় ও সার্বজনীন বিনিয়োগের ক্ষেত্র তৈরী করবো।

পরিশেষে, ঢাকা স্টক এক্সচেঞ্জ দেশ ও জাতির স্বার্থে অন্তর্বর্তীকালীন সরকারের সফলতা কামনা করছে।